# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

**জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৫ উপলক্ষে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের বাণী**

৫ আগস্ট, একুশ শতকের বাংলাদেশের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল দিন। এটি শুধু একটি তারিখ নয়, বরং গণতন্ত্রের পথে দেশের অগ্রযাত্রার এক সাহসী উচ্চারণ। এই দিনটি বাংলাদেশের গণতান্ত্রিক অভিযাত্রায় এক যুগান্তকারী অধ্যায় হিসেবে ইতিহাসে অমলিন হয়ে আছে। দেশের জনগণ, বিশেষ করে তরুণ প্রজন্ম, যে প্রত্যয় ও সাহসে অন্যায় ও বৈষম্যমূলক ব্যবস্থার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল—তা প্রজন্মান্তরে অনুপ্রেরণা হিসেবে কাজ করবে। সরকার ৫ আগস্ট তথা ৩৬ জুলাইকে 'জুলাই গণ-অভ্যুত্থান দিবস' হিসেবে ঘোষণা করে রাষ্ট্রীয় স্বীকৃতি প্রদান করেছে।

'জুলাই' কেবল একটি মাস নয়; এটি আমাদের সময়ের তরুণ প্রজন্মের বিবেক, সাহস ও আত্মচেতনার অনন্য প্রতিফলন। এই সময়কালে দেশের শিক্ষিত যুবসমাজ অন্যায়ের বিরুদ্ধে এক অভূতপূর্ব জাগরণ সৃষ্টি করে। তারা শুধু একটি সুশাসিত রাষ্ট্রের স্বপ্ন দেখেই থেমে থাকেনি—তারা সেই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে রাস্তায় নেমে আসে, জীবনের ঝুঁকি নিয়েও একটি মানবিক, ন্যায়ভিত্তিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ার সংগ্রামে অংশগ্রহণ করে।

জুলাই আন্দোলন আমাদের দেখায় এক নতুন, দুর্নীতি-চাঁদাবাজি-বৈষম্য ও জুলুমমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন। এটি ছিল এক সাহসী ও প্রতিবাদী পদক্ষেপ, যা প্রমাণ করেছে—জনগণ চাইলে ইতিহাসের গতিপথ বদলে দিতে পারে। এই আন্দোলন ছিল স্রোতের বিপরীতে দাঁড়িয়ে একটি কল্যাণমুখী রাষ্ট্র গঠনের দৃঢ় সংকল্প।

জুলাই গণ-অভ্যুত্থান আমাদের শিখিয়েছে যে, জনগণই সকল ক্ষমতার প্রকৃত উৎস। একটি দেশের প্রকৃত শক্তি নিহিত থাকে তার জনগণের মাঝে। এই চেতনাকে হৃদয়ে ধারণ করে আমাদের প্রত্যেককে হতে হবে সচেতন, সাহসী ও নীতিবান। দল-মত-পথ নির্বিশেষে আমাদের অঙ্গীকার হোক—একটি সুখী, সমৃদ্ধ ও ন্যায়ভিত্তিক বাংলাদেশ গড়ে তোলা।

৫ আগস্টের এই স্মৃতিচারণ কেবল অতীতের গৌরবগাথা নয়—এটি আমাদের ভবিষ্যতের দিকনির্দেশনা। আসুন, আমরা সবাই মিলে এই দিনের তাৎপর্যকে আরও সুদৃঢ় করি এবং প্রতিদিনের চিন্তা ও কর্মে সেই সাহসী চেতনার প্রতিফলন ঘটাই।

পরিশেষে, জুলাই গণ-অভ্যুত্থানের সকল শহিদের আত্মার মাগফিরাত কামনা করি এবং আহতদের দ্রুত আরোগ্য ও স্বাভাবিক জীবনে প্রত্যাবর্তনের জন্য প্রার্থনা করি।

৫ই আগষ্ট, ২০২৫

হবিগঞ্জ।

অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ

উপাচার্য

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।